

JAN. 23 2001

বিশ্ববিদ্যালয়

সংখ্যা
তারিখ

খুলনা ভাঙ্গিটির ঘটনায় প্রশাসন ও ছাত্ররা পরস্পরকে দায়ী করছে ॥ তদন্ত কমিটি গঠন

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ে ভাঙুর, ভিসিসহ কতিপয় শিক্ষক ও কর্মকর্তা লালিত হওয়ার ঘটনা তদন্তের জন্য কর্তৃপক্ষ প্রফেসর ডঃ মোহাম্মদ আব্দুর রহমানকে আহ্বায়ক এবং প্রফেসর ডঃ মোঃ সাইফুদ্দিন শাহকে সদস্য সচিব করে ৬ সদস্যের কমিটি গঠন করেছে। কমিটির অপর সদস্যরা হলেন— মোঃ আঃ মতিন, আলী নকী, ওবায়দুল হান্নান ও মোঃ রফিকুল ইসলাম। কমিটিকে অবিলম্বে রিপোর্ট পেশ করতে বলা হয়েছে। ছাত্রীদের আবাসন সমস্যা সমাধানের দাবিতে রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ছাত্রছাত্রীদের অবস্থান ধর্মঘট চলাকালে উত্তেজিত কতিপয় ছাত্র প্রশাসনিক ভবন ও ছাত্রী হলে ভাঙুরসহ ভিসি, ট্রেজারারসহ কয়েকজনকে লালিত করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছে, কতিপয় উচ্ছ্বল ছাত্র এই ঘটনার জন্য দায়ী। অপরদিকে ছাত্ররা দাবি করেছে, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী এবং বহিরাগত যুবকরা অবস্থান ধর্মঘটস্থলে এসে ছাত্রছাত্রীদের ওপর আক্রমণ চালালে সংঘর্ষ বাধে। বিক্ষিপ্তভাবে প্রায় দু'ঘণ্টা সংঘর্ষ চলে।

ছাত্ররা আরও অভিযোগ করেছে, বহিরাগত সন্ত্রাসীরা নিরালায় ভাড়া করা বিশ্ববিদ্যালয়ের হোস্টেলে গিয়ে ছাত্রদের মারধর করে বের করে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ এমএস. নজরুল ইসলাম সোমবার জনকণ্ঠে জানান, রবিবারের সংঘটিত ঘটনা তদন্তের জন্য কমিটি গঠন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হলেও অফিসের কাজকর্ম চালু রয়েছে। আগামী ১৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য দ্বিতীয় সমাবেশের প্রস্তুতিমূলক কাজে কোন ব্যাঘাত সৃষ্টি হবে না। এদিকে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট খুলনা জেলা ও মহানগরী শাখার এক সভায় খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ শিক্ষক-কর্মকর্তারা লালিত হওয়ার ঘটনার তীব্র নিন্দা জানানো হয়। একই সঙ্গে বহিরাগত সন্ত্রাসী ও পুলিশ দিয়ে জোর করে ছাত্রছাত্রীদের হল ভ্যাগে বাধ্য করার তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়েছে। সভায় অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানানো হয়। ছাত্র ইউনিয়ন খুলনা জেলা ও মহানগরী শাখার নেতৃবৃন্দও অনুরূপ দাবি জানিয়েছেন।